RURAL POWER COMPANY LTD.
ISO 9001:2008 Certified

# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

NOT FOR SUBMISSION

| | | |
|---|---|---|
| দরপত্রের নাম | : | গাজীপুর পাওয়ার প্ল্যান্ট এর মজুদ পুরাতন,ব্যবহার অযোগ্য মালামালসমূহ (যেখানে যে অবস্থায় আছে) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়করণ। |
| দরপত্রের সূত্র | : | স্মারক নং: ২৭.২৬.০০০০.০০৩.০৫.১১৩.১৪.৩৬৮; তারিখ: ১১/০৮/২০২১খ্রিঃ |
| প্যাকেজ নং | : | ০১ |
| লট নং | : | ০১ |
| মালামালের বিবরণ | : | গ্রুপ কঃ কন্টেইনার, জিওটেক্স রোল ও টেপ |
| দরপত্র পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) |

আগস্ট-২০২১

Rural Power Company Ltd.
Uttara, Dhaka.

# দরপত্র দলিল

স্মারক নং:২৭.২৬.০০০০.০০৩.০৫.১১৩.১৪.৩৬৮ তারিখ: ১১/০৮/২০২১খ্রিঃ

ক) ভূমিকাঃ

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) এর আওতাধীন গাজীপুর পাওয়ার প্ল্যান্ট এর মজুদ পুরাতন,ব্যবহার অযোগ্য মালামালসমূহ (যেখানে যে অবস্থায় আছে) সংগ্রহের ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান সমূহের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| খ) | মালামালের অবস্থান | : | আরপিসিএল-গাজীপুর ৫২ মেঃওঃ পাওয়ার প্লান্ট, কড্ডা, গাজীপুর। |
| গ) | মালামালের বিবরন ও দর দাখিল ফরম | : | বিস্তারিত সংযুক্তি (ক) ও (খ)। |
| ঘ) | নিলাম দরপত্র দলিল বিক্রয়ের স্থান | : | **নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯,উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০** এবং **প্ল্যান্ট ইনচার্জ, গাজীপুর পাওয়ার প্ল্যান্ট,কড্ডা,গাজীপুর** হতে দরপত্র দলিল ক্রয় করা যাবে। |
| ঙ) | নিলাম দরপত্র দলিল বিক্রয়ের সময়সীমা | : | বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর অনকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) এর মাধ্যমে নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত সিডিউলের মুল্য মোতাবেক টাকা আবেদনপত্র সহ জমা প্রদান সাপেক্ষে আগামী **৩১/০৮/২০২১খ্রিঃ** তারিখ, বিকাল"৫:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত অফিস (গাজীপুর/সদর দপ্তর) হতে দরপত্র দলিল সংগ্রহ করা। |
| চ) | নিলাম দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়সীমা | : | আগ্রহী দরদাতাগণকে দরপত্র দাখিলের ছক (সংযুক্তি- (ক) ও (খ)) অনুযায়ী নির্বাহী পরিচালক (প্রকৌশল), রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ বরাবর আগামী **০১/০৯/২০২১খ্রিঃ** তারিখে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে দরপত্র জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। খামের উপরে নিলাম দরপত্র, প্যাকেজ নং, লট নং উল্লেখ করতে হবে। **"০১/০৯/২০২১খ্রিঃ বেলা: ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না"** এ নির্দেশনা লিখতে হবে। নির্ধারিত সময়ে ডাকযোগে প্রাপ্ত দরপত্র গ্রহণ করা হবে। |
| ছ) | নিলাম দরপত্র খোলার তারিখ ও সময়সীমা | : | নির্ধারিত সময়ের মধ্যে গৃহীত দরপত্র সমূহ আগামী **০১/০৯/২০২১খ্রিঃ** তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড, বাড়ী #১৯, সড়ক# ১/বি, সেক্টর#৯ উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ তে উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে এবং পরবর্তীতে মূল্যায়ন কমিটি কর্তৃক যথারীতি মূল্যায়ন করা হবে। |
| জ) | দরপত্র জামানত | : | দরপত্রের উদ্ধৃত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) টাকা 'রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড' এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় প্রাপ্ত দরপত্র সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। |

NOT FOR SUBMISSION



Rural Power Company Ltd.
Uttara, Dhaka.
House # 19, Road # 1/B, Sector # 9.

ঝ) দরপত্রের অন্যান্য শর্তাবলীঃ

১) একজন দরদাতা একটি লটের বিপরীতে একাধিক দরপত্র দাখিল করতে পারবে না। প্রতিটি লটের জন্য পৃথক পৃথক খামে দরপত্র দাখিল করতে হবে। প্রতিটি লট আলাদাভাবে মূল্যায়ন করা হবে।

২) সংযুক্তি (ক) ও (খ) তে লট ভিত্তিক নূন্যতম নিলাম মূল্য উল্লেখ করা আছে। উক্ত মূল্যের কমে দরপত্র গ্রহণ করা হবে না।

৩) আইটেম ওয়ারী ১০০% আইটেমের দর প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গন্য হবে।

৪) আগ্রহী দরদাতাগণ সিডিউল ক্রয় পূর্বক আগামী **৩১/০৮/২০২১খ্রিঃ** পর্যন্ত প্রতি কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে আরপিসিএল-গাজীপুর ৫২ মেঃওঃ পাওয়ার প্লান্ট-এ নিলামকৃত মালামাল সমূহ পরিদর্শন করতে পারবেন এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

৫) দরপত্রে কোন কাটা ছেড়াঁ/ঘষামাজা গ্রহণযোগ্য নয়। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। অংক এবং কথার মধ্যে গড়মিল পরিলক্ষিত হলে কথায় লিখিত দর মূল্যায়নের জন্য বিবেচ্য হবে।

৬) দরদাতা কর্তৃক দরপত্রে স্বাক্ষর করতে হবে এবং পূর্ণাঙ্গ ঠিকানা লিখতে হবে। অন্যথায় দরদাতার দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

৭) দরদাতা ব্যক্তি হলে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং প্রতিষ্ঠান হলে হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি দর প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

৮) উদ্ধৃত দর দরপত্র খোলার তারিখ হতে ৬০(ষাট) দিন পর্যন্ত বলবৎ যোগ্য হবে।

৯) কৃতকার্য দরদাতার দাখিলকৃত উদ্ধৃত মুল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ভ্যাট, আয়কর যুক্ত করে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

১০) কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে বিক্রয়াদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে বিক্রয়াদেশে উল্লেখিত মালামালের মূল্য ও উক্ত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়করের অর্থ 'রুরাল পাওয়ার কোম্পানী' লিমিটেড এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করতঃ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্লান্ট থেকে মালামাল গ্রহণ করতে হবে।

১১) মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে। মালামালের প্রকৃত পরিমাণ বেশী হলে অতিরিক্ত মূল্য পরিশোধ করতে হবে এবং কম হলে মূল্য সমন্বয় করা হবে।

১২) কৃতকার্য দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদানের পর দরপত্র জামানত হিসেবে প্রদত্ত অর্থ 'কার্য সম্পাদন জামানত' হিসেবে সংরক্ষিত থাকবে এবং প্ল্যান্ট থেকে কার্য সম্পাদন সনদ প্রাপ্তি সাপেক্ষে উক্ত জামানত ফেরৎ প্রদান করা হবে। অকৃতকার্য দরদাতার ক্ষেত্রে, বিক্রয়াদেশ প্রদানের পর দরপত্র জামানত ফেরত প্রদান করা হবে।

১৩) বিক্রয়াদেশে উল্লেখিত সময়ের মধ্যে মালামাল গ্রহণে ব্যর্থ হলে জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৪) কৃতকার্য নিলাম গ্রহীতাকে তার নিজস্ব ব্যবস্থাপনায় পরিমাপক যন্ত্রসহ (স্কেল/নিক্তি) প্লান্টে মালামাল পরিমাপ করে বুঝে নিতে হবে।

১৫) মালামাল সংশ্লিষ্ট স্থান হতে নিজস্ব পরিবহন ব্যবস্থায় নিজ দায়িত্বে বুঝে নিতে হবে।

১৬) শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে আরপিসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭) কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষন করে।

NOT FOR SUBMISSION

| নিলাম দরপত্র আহ্বানকারী | নিলাম দরদাতা : |
| --- | --- |
| নামঃ মোঃ সেলিম ভূঁইয়া | নামঃ |
| পদবীঃ নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল | পদবীঃ |
| স্বাক্ষরঃ | স্বাক্ষরঃ |
| তারিখঃ ১৮/০৮/২১ | তারিখঃ |

Rural Power Company Ltd. Uttara, Dhaka. House # 19, Road # 1/B, Sector # 9.

সংযুক্তি : (ক)

তারিখ:-----/-----/--------খ্রিঃ

## গাজীপুর পাওয়ার প্লান্ট এর পুরাতন,ব্যবহার অযোগ্য মালামালসমূহ (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের নিমিত্তে দর দাখিলের ফরম

### (গ্রুপ কঃ কন্টেইনার, জিওটেক্স রোল ও টেপ)

**প্যাকেজ নং:০১, লট নং:০১**

| ক্রঃ নং | মালামালের তালিকা | একক | পরিমান | লট ভিত্তিক নূন্যতম নিলাম মূল্য | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) (কলাম:৪Xকলাম:৬) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | কন্টেইনার-৪০ ফুট | পিস | ১৮ | ২১,৬৫,০০০/- | | |
| ০২ | কন্টেইনার-২০ ফুট | পিস | ১২ | | | |
| ০৩ | জিওটেক্স রোল | রোল | ২১ | | | |
| ০৪ | জিওটেক্স টেপ | রোল | ১৮০৫ | | | |
| মালামালের মোট মূল্য | | | | অঙ্কে | | |
| | | | | কথায় | | |

- দাখিলকৃত মূল্য ভ্যাট ও আয়কর ব্যাতীত।

| দর দাখিলকারী প্রতিষ্ঠানের নাম ও সীল | |
|---|---|
| তারিখ: | |

Rural Power Company Ltd. Uttara, Dhaka. House # 19, Road # 1/B, Sector # 9.

NOT FOR SUBMISSION